



নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.৬৯.০০৬.১৫.৩৬

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

প্রজ্ঞাপন

সম্প্রতি করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার বিষয়ে প্রধানমন্ত্রী-র কার্যালয় গত ২৯ মার্চ, ২০২১ খ্রি. তারিখ ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪ সংখ্যক প্রজ্ঞাপন জারী করে। বর্তমানে দেশে লকডাউন বলবৎ আছে। ইতঃপূর্বে সরকার ২২ মে, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত দেশের সকল প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করে। কিন্তু সরকারি নির্দেশ সত্ত্বেও দেশের বিভিন্ন স্থানে কিছু আবাসিক ও অনাবাসিক মাদ্রাসা এখনও খোলা রয়েছে মর্মে জানা যায় যা বর্তমান কোভিড পরিস্থিতিতে অত্যন্ত স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ।

০২। বর্ণিত অবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কওমী মাদ্রাসাসহ (এতিমখানা ব্যতীত) সকল মাদ্রাসা (আবাসিক ও অনাবাসিক) বন্ধ রাখার জন্য অনুরোধ করা হ'ল। এ নির্দেশ পালনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করা যাবেনা।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারী করা হ'ল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

হাবিবুর রহমান

অতিরিক্ত সচিব

ফোন: ৯৫১৪৪৮৫

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

ইমেইল: addsmad@tmed.gov.bd

নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.৬৯.০০৬.১৫.৩৬/১

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,
৩. বিভাগীয় কমিশনার, (সকল)।
৪. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক,(সকল)।
৬.